

ফতওয়া নং ৩৬৩

প্রশ্ন:

জনাব মাহতরম হুজুর, আমরা জানি নিজ ভাগ্নীকে বিবাহ করা হারাম, আমার প্রশ্ন হল:- যদি সম্পর্ক এরকম হয়, মায়ের দিক থেকে:- মায়ের বোনের মেয়ের মেয়ে সম্পর্কে ভাগ্নী। আবার দিক থেকে:- আবার শালীর মেয়ের মেয়ে সম্পর্কে ভাগ্নী। উপরুক্ত দুই সম্পর্ক এর মধ্যে কোন ক্ষেত্রেই কি শরীয়ত ভাগ্নীকে বিবাহ করার হুকুম কি? যদি বিবাহ "জায়েজ" হয় তা কোন সম্পর্কের ভিত্তিতে শরীয়ত সম্মত?

উত্তর:

মায়ের বোনের মেয়ের মেয়ে বা আবার শালীর মেয়ের মেয়ে তথা খালাত বোনের মেয়েকে ভাগ্নি বলা হলেও প্রকৃত বা আপন ভাগ্নি না হওয়ায় তাকে বিয়ে করা জাইয আছে। শরীয়তে যে ভাগ্নিকে বিয়ে করতে নিষেধ করা হয়েছে, সে হলো আপন ভাগ্নি অর্থাৎ আপন বোনের মেয়ে। (ফাতাওয়া মাহমুদিয়া ১১/২৬১)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
২৩ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (03/05/2024)